EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-55662000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

PRESS RELEASE

যুক্তরাষ্ট্রের এক্সপোর্ট - ইমপোর্ট ব্যাঙ্ক এর চেয়ারম্যান এবং প্রেসিডেন্ট ফ্রেড পি. হকবার্গ এর বাংলাদেশ সফর

ঢাকা, ফেব্রুয়ারি ৩, ২০১৬ - যুক্তরাষ্ট্রের এক্সপোর্ট - ইমপোর্ট ব্যাঙ্ক এর চেয়ারম্যান এবং প্রেসিডেন্ট ফ্রেড পি. হকবার্গ যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে ব্যবসায়িক আদান-প্রদান বৃদ্ধি করতে ৩রা থেকে ৪ঠা ফেব্রুয়ারি ঢাকা সফরে আসছেন। সফরকালীন তিনি বাংলাদেশ সরকারের কর্মকর্তা এবং ব্যবসায়িক নেতৃবৃন্দের সাথে আলোচনা কর বেন। আগামী ৪ঠা ফেব্রুয়ারি চেয়ারম্যান হকবার্গ আমেরিকান চেম্বার অফ কমার্স এর আয়োজনে মধ্যাহ্নভোজে তার বক্তব্য রাখবেন।

ছয় বছর ধরে, চেয়ারম্যান হকবার্গ কাজ করে যাচ্ছেন নবায়নযোগ্য জ্বালানী, নির্মাণ সরঞ্জামাদি, চিকিৎসা প্রযুক্তি এবং উড্ডয়ন সংক্রান্ত যুক্তরাষ্ট্রের রপ্তানিকারকদের উপস্থিতি বিশ্বে বৃদ্ধির জন্য ।

২০০৪ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত, চেয়ারম্যান হকবার্গ নিউ ইয়র্ক সিটিতে নিউ স্কুলের মিলানো স্কুল অফ ম্যানেজমেন্ট অ্যান্ড আরবান পলিসি এর ডিন ছিলেন। ১৯৯৮ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত তিনি স্মল বিজনেস অ্যাডমিনিসট্রেশন এর ডেপুটি এবং পরে ভারপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন। সেখানে তিনি সংখ্যালঘু এবং না রী মালিকানাধীন ক্ষুদ্র ব্যবসার ঋণ চারগুণ বৃদ্ধি করতে সাহায্য করেছেন। চেয়ারম্যান হকবার্গ দীর্ঘদিন লিলিয়ান ভারনন কর্পোরেশন এর প্রেসিডেন্ট এবং প্রধান পরিচালনা কর্মকর্তা হিসেবে

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-55662000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

PRESS RELEASE

দায়িত্ব পালন করেছেন, যেখানে তিনি একটি ক্ষুদ্র, পারিবারিক অন লাইন অর্ডার প্রতিষ্ঠানকে একটি আন্তর্জাতিক, সরাসরি বিপণন কর্পোরেশন-এ রূপান্তরে নেতৃত্ব দিয়েছেন।

==========